

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং-২৬.০৩.০০০০.০০৪.৯৮.০০৭.১৭-

তারিখঃ ০৯ পৌষ ১৪২৫
২৩ ডিসেম্বর ২০১৮

“অফিস আদেশ”

এতদ্বারা সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবাসমূহ অটোমেশনের জন্য প্রস্তুতকৃত Online Licensing Module (OLM) এর মাধ্যমে পরীক্ষামূলকভাবে চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। OLM এর মাধ্যমে সদর দপ্তরসহ ১৪টি আঞ্চলিক দপ্তরের সেবাসমূহ অর্থাৎ বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদ (আইআরসি), রপ্তানি নিবন্ধন সনদ (ইআরসি), শিল্প আমদানি নিবন্ধন সনদ, রপ্তানি নিবন্ধন সনদ (ইভেন্টিং সার্ভিস), আমদানি পারমিট (আইপি), রপ্তানি পারমিট (ইপি) ইত্যাদি সেবাসমূহ আগামী ২৪/১২/২০১৮খ্রিঃ হতে পরীক্ষামূলকভাবে শুরু করা হবে। উল্লেখ্য যে, OLM এর মাধ্যমে সেবা প্রদানের পাশাপাশি বর্তমান প্রচলিত পদ্ধতিও পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত চলমান থাকবে।

২। সেবাগ্রহীতাগণ OLM এর মাধ্যমে বিভিন্ন ধরনের সেবার আবেদন কিভাবে করবেন সে প্রক্রিয়া বুকলেট আকারে তৈরী করা হয়েছে যা, CCI&E এর ওয়েবসাইটে পাওয়া যাবে। তাছাড়া সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের দাপ্তরিক ID এবং Password প্রত্যেক আঞ্চলিক দপ্তরে e-mail এর মাধ্যমে দপ্তর প্রধানকে জানানো হবে।

৩। ইতোপূর্বে অভ্যন্তরীণ অনুমোদনের প্রসেস সংক্রান্ত প্রশিক্ষণ সকল কর্মকর্তা ও কর্মচারীকে প্রদান করা হয়েছে। তথাপিও কার্যক্রম শুরুর পর প্রয়োজনে বর্ধিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। OLM কার্যক্রম চলমান রাখতে কোন সমস্যা বা ত্রুটি দেখা দিলে তাৎক্ষণিকভাবে জনাব মোহাম্মাদ মাহমুদুল হক, উপ-নিয়ন্ত্রক (মোবাইল: ০১৭৬৫০১০৯০৭) এবং জনাব শেখ আল জুবায়ের, প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন অফিসার, টেকনোহ্যাভেন লিঃ (মোবাইল: ০১৬৮০৮৬৩০৪৫) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

৪। বর্ণিত অবস্থায়, আগামী ২৪/১২/২০১৮ তারিখ হতে OLM কার্যক্রম সফলভাবে শুরু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ-

(মনিরুজ্জামান খান)

উপ-নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

ফোন: ৯৫৫২৩৭৩

dc.ho@ccie.gov.bd

নং-২৬.০৩.০০০০.০০৪.৯৮.০০৭.১৭-

০৮৭/২,

তারিখঃ ০৯ পৌষ ১৪২৫
২৩ ডিসেম্বর ২০১৮


অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। নিয়ন্ত্রক/সুপ্ত-নিয়ন্ত্রক/সহকারী নিয়ন্ত্রক, সকল আঞ্চলিক দপ্তর

৩। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৪। অফিস কপি।



(মনিরুজ্জামান খান)

উপ-নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।